রাজধানীর বিভিন্ন স্থানে ককটেল বিস্ফোরণ, ট্রাক-বাসে আগুন



ছবি: সংগৃহীত

রাজধানীর বিভিন্ন এলাকায় ককটেল বিস্ফোরণ ও যানবাহনে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। সোমবার (১৬ নভেম্বর) রাত সোয়া ১২টা থেকে আড়াইটা পর্যন্ত এসব ঘটনা ঘটে। পুলিশের ধারণা, নগরীতে আতঙ্ক ছড়াতে নিষিদ্ধ সংগঠন ও কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা এসব ঘটনায় জড়িত থাকতে পারেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, রাতের বিভিন্ন সময়ে একাধিক স্থানে ককটেল বিস্ফোরণ ঘটানো হয়। এসব ঘটনায় জড়িত ব্যক্তিদের অধিকাংশই মোটরসাইকেলে করে এসেছিলেন বলে জানা গেছে। তবে মিরপুরে একটি ঘটনায় অটোরিকশাচালকের সম্পৃক্ততার তথ্য পাওয়া গেছে।

রাত সোয়া ১২টার দিকে মিরপুর মাজার রোডে ধানসিঁড়ি হোটেলের সামনে এক অটোরিকশাচালক ককটেল নিক্ষেপ করে দ্রুত সেখান থেকে চলে যান বলে জানা গেছে।

এ বিষয়ে দারুস সালাম থানার ডিউটি অফিসার এসআই শহীদুল্লাহ বলেন, তাঁদের এলাকায় ককটেল বিস্ফোরণের খবর তখনো থানায় আসেনি। তবে বিভিন্ন স্থানে পুলিশের টহল দল দায়িত্ব পালন করছে।

রাত সাড়ে ১২টার পর পররাষ্ট্র মন্ত্রণালয় কম্পাউন্ডের পকেট গেট, সুপ্রিম কোর্টের গেট এবং মিরপুরের কালশী ফ্লাইওভারের প্রবেশমুখে ককটেল বিস্ফোরণের খবর পাওয়া যায়। তবে শাহবাগ থানার ডিউটি অফিসার রাসেল পারভেজ জানান, সুপ্রিম কোর্টের সামনে থাকা পুলিশ চেকপোস্টে এ ধরনের কোনো ঘটনার খবর তখনো পৌঁছায়নি।

অন্যদিকে রাত সোয়া দুইটার দিকে শ্যামপুর পুলিশ ফাঁড়ির কাছে একটি ট্রাকে আগুন দেওয়া হয়। কাছাকাছি সময়ে মতিঝিলের এজিবি কলোনির পাশে পার্ক করা একটি যাত্রীবাহী বাসেও আগুন ধরিয়ে দেয় দুর্বৃত্তরা। এ ছাড়া হোটেল রেডিসন ও জাতীয় প্রেসক্লাবের সামনেও ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে।